শিশু দিবাযত্ন কেন্দ্র
বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়
তেজগাঁও, ঢাকা-১২০৮
ফোনঃ +৮৮০ ১৭৩৪ ৬৪৫৯৯৬

**Child Daycare Center**
Bangladesh University of Textiles
Tejgaon, Dhaka-1208
Phone: +880 1734 645996

Memo No. BUTEX/CDCC/2024/002

Date: 25 June, 2024

## নোটিশ

এত দ্বারা অত্র বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ৩ জুলাই, ২০২৪ তারিখে ডে কেয়ার পরিচালনা পর্ষদ কর্তৃক ডে কেয়ার সেন্টারে ভর্তিচ্ছু শিশুদের ভর্তি কার্যক্রমের আয়োজন করা হয়েছে। ভর্তি প্রক্রিয়া সকাল ১১টা থেকে ১২টা পর্যন্ত চলবে। ভর্তিচ্ছু শিশুদের পিতা অথবা মাতাকে ওয়েবসাইট থেকে আবেদনপত্রের ফরমেট অনুযায়ী, সম্পূর্ণরূপে আবেদনপত্র পূরণ পূর্বক, দুই কপি ছবি (শিশু এবং পিতা অথবা মাতার), জন্ম নিবন্ধন, নির্দেশাবলীতে প্রয়োজনীয় কাগজপত্র সহ পুরাতন প্রশাসনিক ভবনের ২১৩ নম্বর রুমে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হচ্ছে। ভর্তিচ্ছু শিশুকে অবশ্যই সাথে আনতে হবে। পরিচালনা পর্ষদ কর্তৃক যাচাই-বাছাই পূর্বক চূড়ান্ত নির্বাচিত শিশুকে ডে কেয়ার সেন্টারে ভর্তি করানো হবে।

বি:দ্র: সকলকে সংযুক্ত ভর্তির নিয়মাবলী অনুসরণ করার জন্য অনুরোধ জানানো হচ্ছে।

নির্দেশক্রমে

২৫/৬/২৪

ড: তনু আরেফীন
পরিচালক, ডে কেয়ার সেন্টার

সদয় অবগতি এবং প্রয়োজনীয় কার্যার্থেঃ

১। রেজিস্ট্রার অফিস, বুটেক্স।
২। সকল ডীন ও বিভাগীয় প্রধান, বুটেক্স।
৩। সকল পরিচালক, বুটেক্স।
৪। প্রক্টর ও প্রভোস্ট (সকল হল), বুটেক্স।
৫। পিএস টু ভিসি, ভিসি অফিস (ভিসি মহোদয়ের অবগতির জন্য),বুটেক্স।
৬। আই সি টি সেল (ওয়েব সাইটে আপলোডের জন্য), বুটেক্স।
৭। সংশ্লিষ্ট নথি ও নোটিশ বোর্ড।

# বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়

তেজগাঁও, ঢাকা-১২০৮।

## ভর্তি বিজ্ঞপ্তি-২০২৪, শিশু দিবাযত্ন কেন্দ্র

শিশু দিবাযত্ন কেন্দ্রে ভর্তি প্রক্রিয়া:

১) দিবা যত্ন কেন্দ্রে বুটেক্স এ কর্মরত শিক্ষক, শিক্ষিকা, কর্মকর্তা-কর্মচারীর ৬ মাস থেকে ছয় বছর বয়সী শিশুরা ভর্তির যোগ্য বলে বিবেচিত হবেন। ভর্তিচ্ছু শিশুর দিবাযত্ন কেন্দ্রে ভর্তির ক্ষেত্রে শুন্য আসন সংখ্যা, শিশুর বয়সের উর্ধ্বক্রম,বিদ্যমান সুবিধাসহ প্রয়োজনের আপেক্ষিকতা বিবেচনা করা হবে।

২) দিবাযত্ন কেন্দ্রের পরিচালনা কমিটি ভর্তির জন্য যোগ্য শিশু নির্বাচন করবেন। ভর্তিচ্ছু শিশুর পিতা অথবা মাতা ভর্তির জন্য নির্ধারিত ফর্ম যথাযথভাবে পূরণ করে প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত করে আবেদন করবেন। দিবাযত্ন পরিচালনা কমিটি আবেদন পত্র যাচাই করে ভর্তির জন্য যোগ্য শিশুর তালিকার চূড়ান্ত করবেন এবং পিতা-মাতাকে অবগত করবেন।

৩) বুটেক্স ডে কেয়ার কেন্দ্রে প্রত্যেক শিশুকে নির্দিষ্ট হারে মাসিক ফির বিপরীতে সেবা প্রদান করা হবে। শিশুর বয়সক্রম অনুসারে নিম্নলিখিত হারে মাসিক নির্ধারিত হবে। উক্ত ফি বাস্তবতার প্রেক্ষিতে পরিচালনা পর্ষদ কর্তৃক সময় সময় নির্ধারিত হবে। **ভর্তি ফি: ১০০০/-**

| বয়স | মাসিক ফি |
|---|---|
| ৬ মাস-৩ বছর | ২০০০/ |
| ৩ বছর উর্ধ্ব- ৬ বছর | ১৫০০/ |

উক্ত টাকা পিতা অথবা মাতার বেতন হতে কাটা হবে। ভর্তি বাতিল করতে হলে অবশ্যই একমাস আগে জানাতে হবে। ক্যালেন্ডার এ মাস অনুযায়ী মাসিক ফি কর্তন করা হবে (কোন আংশিক পরিশোধ গ্রহণযোগ্য নয়)

৪) প্রত্যেক শিশুকে ভর্তির সময় দুই কপি করে পরিচিতি নম্বর যুক্ত আইডি কার্ড প্রদান করা হবে, যার একটি শিশুর পিতা অথবা মাতার নিকট ও অপরটি শিশুর নিকট থাকবে যা পিতা অথবা মাতা শিশুকে ডে কেয়ার থেকে গ্রহণের সময় প্রদর্শন করতে হবে (এইবার প্রথম ভর্তির সময় আইডি কার্ড প্রদান করতে কিছুটা সময় প্রয়োজন হতে পারে পরিচালনা পর্ষদের)।

৫) সময়সূচী:- ডে কেয়ারটি সপ্তাহের প্রতি কর্মদিবসে সকাল ৯টা থেকে বিকেল চারটা পর্যন্ত খোলা থাকবে। উল্লেখ্য যে বিশ্ববিদ্যালয়ের বার্ষিক ছুটির তালিকা অনুযায়ী ডে কেয়ার সেন্টার বন্ধ থাকবে ।

৬) দিবাযত্ন কেন্দ্রে শিশুর অভিভাবকদের জ্ঞাতব্য এবং পালনীয় নিয়মাবলী:

১. প্রত্যেক শিশুর সাথে করে প্রয়োজনীয় ব্যক্তিগত দ্রব্যাদি যেমন পোশাক দুই সেট খাবার ও পানীয়, ডাইপার ঔষধ খেলনা ইত্যাদি সাথে করে নিয়ে আসবে যা ডে কেয়ারে নিয়োজিত কর্মীর মাধ্যমে শুধুমাত্র সংশ্লিষ্ট শিশুর জন্য ব্যবহার করা হবে।

# বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়

তেজগাঁও, ঢাকা-১২০৮।

## ভর্তি বিজ্ঞপ্তি-২০২৪, শিশু দিবাযত্ন কেন্দ্র

২. দুগ্ধপোষ্য শিশু তাদের সাথে একজন সাহায্যকারী শিশুর সাথে নিজ দায়িত্বে অবস্থান করতে পারবেন।

৩. বিশেষ জরুরি প্রয়োজন ব্যতীত ডে কেয়ারে শিশুর পিতা অথবা মাতা প্রবেশ নিরুৎসাহিত করা হবে, তবে দুগ্ধ পোষ্য শিশুর ক্ষেত্রে এ নিয়ম প্রযোজ্য হবে না।

৪. কোন শিশু সংক্রামক রোগে আক্রান্ত হলে (ভাইরাস জ্বর, চোখ ওঠা, জলবসন্ত ,হাম, ইত্যাদি )তাকে ডে কেয়ারে না পাঠানোর জন্য অনুরোধ করা হলো।

৫. ডে কেয়ারে নিয়োজিত কর্মী জরুরী মেডিকেল প্রয়োজনে বিশ্ববিদ্যালয়ের মেডিকেল সেবায় শিশুর প্রাথমিক চিকিৎসা নিশ্চিত করবেন। বিশেষ চিকিৎসা সহায়তা ডে কেয়ার প্রদানের সুবিধা নেই।

৬. ডে কেয়ারে ভর্তির ক্ষেত্রে ক্যালেন্ডার মাস অনুসরণ করা হবে। মাসিক হিসেবে চার্জ গ্রহণ করা হবে। ভর্তি বাতিল করতে হলে এক মাস পূর্বে কর্তৃপক্ষকে লিখিতভাবে আবেদন করবেন এবং কর্তৃপক্ষের অনুমোদনক্রমে পরবর্তী মাস হতে ভর্তি বাতিল হবে।

৭. ডে কেয়ার বিশেষ যেকোনো পরামর্শ অভিযোগ পরিচালনা পর্ষদ কে লিখিতভাবে জানাবেন। পরিচালনা পর্ষদ সে অনুযায়ী পদক্ষেপ নিবেন।

৮. কোন শিশুর অনিয়মিত ভাবে ডে কেয়ারে অবস্থান অনুৎসাহিত করা হবে। সে ক্ষেত্রে প্রয়োজনের চাহিদার ভিত্তিতে অধিকতর প্রয়োজনে শিশুকে ডে কেয়ারে ভর্তির সুযোগ দেয়া হবে।

এই নীতিমালায় উল্লেখ নেই এমন কোন বিষয়ে পরিচালনা পর্ষদের ব্যাখ্যায় চূড়ান্ত বলে বিবেচিত হবে। এই নীতিমালা সময় সময় হালনাগাদ করা হবে।

নির্দেশক্রমে

২৫/৬/২৪

ডঃ তনু আরেফীন
পরিচালক, ডে কেয়ার সেন্টার
বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়।